জেলা আইসিটি বিষয়ক কমিটির জানুয়ারি, ২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহরিয়াজ পিএএ, জেলা প্রশাসক, নাটোর
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর
তারিখ : ১৬ জানুয়ারি, ২০২০ খ্রি.
সময় : সকাল ১১: ০০ টা
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির আহবানে সদস্য সচিব, নাটোর সভায় বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	ই-ফাইল (নথি) সিস্টেম সংক্রান্ত	সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিবের নিকট ই-ফাইলিং-এর অবস্থা সম্পর্কে জানতে চাইলে তিনি জানান ই-ফাইলিং-এ জেলা র‍্যাংকিং রিপোর্ট অনুযায়ী নভেম্বর মাসে (০১-১৫ জানুয়ারি) নাটোর জেলার অবস্থান ১৬ তম। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি ই-ফাইলিং-এ জেলা র‍্যাংকিং অধিকতর ভাল করার জন্য ই-ফাইলিং সিস্টেমে যুক্ত সকল দপ্তরকে তাদের সকল কার্যক্রম ই-ফাইলের মাধ্যমে করার নির্দেশ প্রদান করেন। সহকারী প্রোগ্রামার, সদর জানান যে, ইন্টারনেট সমস্যার কারণে উপজেলা কার্যালয় পিছিয়ে পড়েছে। সেকেন্ডারী ইন্টারনেট সংযোগ গ্রহণ করায় আগামী মাস থেকে তার উপজেলায় ই-নথিতে পত্রজারী বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া অন্যান্য সহকারী প্রোগ্রামার সভায় জানান যে আগামী মাস থেকে তাদের উপজেলায় নথিতে পত্রজারী বৃদ্ধি পাবে। সভাপতি নাটোর জেলার অন্য সকল সরকারি দপ্তর ই-নথিতে কার্যক্রম করছে কিনা তা তদারকি করতে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় জেলা শিক্ষা অফিসার এবং মহিলা বিষয়ক অফিসার এর নিকট ই-নথি বিষয়ে জানতে চাইলে তারা বলেন যে প্রতি মাসে তাদের দপ্তরে ২০-২৫টি করে পত্র জারী করছে। সভাপতি সকল দপ্তরকে ই-নথিতে কার্যক্রম বাড়ানোর জন্য নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইল (নথি) এর কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ পরিচালনা ও মনিটরিং এবং সকল সহকারী প্রোগ্রামারদের কাজ করতে হবে।	১. প্রোগ্রামার, নাটোর। ২. সহকারী প্রোগ্রামার (সকল) নাটোর।
২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	সভাপতি নাটোরে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সম্পর্কে জানতে চাইলে সহকারী প্রোগ্রামার, নাটোর সদর জানান হয়বতপুর স্কুলে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের অবস্থা খুবই নাজুক। বর্তমানে ল্যাবটি স্টোর রুম	শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি	প্রোগ্রামার, নাটোর, জেলা শিক্ষা কর্মকর্তা,

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হিসাবে ব্যবহৃত হচ্ছে। ল্যাবের সমস্ত মালামাল নষ্ট হয়ে যাচ্ছে। ল্যাবটি ছাত্রছাত্রীদের ব্যবহার করতে দেওয়া হয় না। ল্যাবটির বিষয়ে সিদ্ধান্ত নিতে শিক্ষা অফিসারকে সভাপতি নির্দেশ প্রদান করেন। এছাড়া সহকারী প্রোগ্রামার, বড়াইগ্রাম জানান যে, মৌখাড়া টেকনিক্যাল ইন্সটিটিউট এ স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সরিয়ে নিতে হবে। তা না হলে যে কোন সময় ইন্সটিটিউট বন্ধ হয়ে যেতে পারে। এ বিষয় সভাপতি সহকারী প্রোগ্রামার এবং উপজেলা নিবাহী অফিসারকে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), নাটোরকে শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন করার উপর বেশি গুরুত্বারোপ করেন।	শিক্ষকগণকে আইসিটি বিষয়ে দক্ষ করে গড়ে তুলতে এবং ছাত্র-ছাত্রীদের নিয়মিতভাবে ল্যাব ব্যবহার নিশ্চিত করতে হবে।	নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর।
৩	ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত	সভাপতি জেলার ৫২ টি ইউডিসির উদ্যোক্তাদের কার্যক্রম, সেবা ও মাসিক আয় সম্পর্কে মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), প্রোগ্রামার, নাটোর এবং সহকারী প্রোগ্রামার (সকল), নাটোরকে অনুরোধ করেন। প্রতিটি ইউডিসিতে একজন পুরুষ এবং একজন মহিলা উদ্যোক্তা আছে কিনা তা নিশ্চিত হতে সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং 'ইউনিয়ন ডিজিটাল সেন্টার' লেখ সম্বলিত একটি সাইনবোর্ড যেন প্রতিটি ডিজিটাল সেন্টারে থাকে তা নিশ্চিত করার অনুরোধ করেন।	ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপ-পরিচালক, স্থানীয় সরকার; অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর; উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), প্রোগ্রামার, নাটোর।
৪	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত	জেলা শিক্ষা অফিসার, নাটোর জানান জেলায় ৩৪৮টি মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় রয়েছে। সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), প্রোগ্রামার, নাটোরকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন এবং সমস্যা সমাধানের জন্য অনুরোধ করেন।	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলা প্রশাসক, নাটোর; উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর; জেলা শিক্ষা অফিসার, নাটোর, প্রোগ্রামার, নাটোর।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫	উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা সংক্রান্ত	সভায় প্রোগ্রামার, নাটোর জানান প্রতি মাসের ০৩ তারিখের মধ্যেই পূর্ববর্তী মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করা আবশ্যক। উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণসহ নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিতকরণের জন্য সহকারী প্রোগ্রামার (সকল) এবং প্রোগ্রামার, নাটোরকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড এবং প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার, নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর।
৬	কল সেন্টার (৩৩৩)	সভাপতি ৩৩৩ এর কার্যক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক প্রচার ও প্রচারণার সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি), জানান এ কার্যালয়ের সকল পত্রের খামে '৩৩৩' যুক্ত সীল ব্যবহার করার জন্য সকল শাখায় '৩৩৩' যুক্ত সীল সরবরাহ করা হয়েছে। সেই সাথে তিনি আরো জানান গত ০৬/০৭/২০১৯খ্রি. তারিখে এ কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলার সাংবাদিকবৃন্দ, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তাদের নিয়ে কল 'সেন্টার ৩৩৩' এর কার্যক্রম সংক্রান্ত প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর উপস্থিত সকল দপ্তর প্রধানদের বিভিন্ন মেলা, জাতীয় ও সরকারি দিবস ও জনসমাগমে কল সেন্টার ৩৩৩ এর কার্যক্রম ব্যাপক প্রচার ও প্রচারণার জন্য অনুরোধ করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোরকে সকল পত্রের খামে '৩৩৩' যুক্ত সীল ব্যবহারের নির্দেশনা প্রদান করেন।	জেলা প্রশাসকের কার্যালয়ের সকল পত্রের খামে '৩৩৩' যুক্ত সীল ব্যবহার এবং জেলা ও উপজেলা পর্যায়ে ব্যাপক প্রচার ও প্রচারণা নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর; জেলার সকল সরকারী দপ্তর প্রধান; নেজারত ডেপুটি কালেক্টর, প্রোগ্রামার, নাটোর।
৭	শেখ কামাল ইনকিউবেশন সেন্টার ও হাইটেক পার্ক	সভাপতি শেখ কামাল ইনকিউবেশন সেন্টারের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার, নাটোর জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার" নাটোর-এ নিয়মিত ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ অব্যাহত রয়েছে। শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারের ইনচার্জ জানান যে, ইতিমধ্যেই সকল সেল ভাড়া দেওয়া হয়েছে। ফ্রিল্যান্সিং প্রশিক্ষণার্থী সবাই নিয়মিত ট্রেনিং এ উপস্থিত হচ্ছে কিনা তা নিশ্চিত করতে সভাপতি প্রতিষ্ঠানের ইনচার্জকে নির্দেশনা প্রদান করেন। আলোচনায় শেখ কামাল ইনকিউবেশন সেন্টার এর ইনচার্জ জানান যে, তাদের একটি মরা আমগাছ যেকোন সময় বিল্ডিং এর উপর ভেঙ্গে পড়তে পারে তাই উক্ত মরা গাছটি অপসারণ করা দরকার। সভাপতি উক্ত গাছটি অপসারণের জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে ইনচার্জকে নির্দেশ প্রদান করেন।	সহকারী কমিশনার (আইসিটি) এবং প্রোগ্রামার, নাটোর এই প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করবেন	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর; সহকারী কমিশনার (আইসিটি), নাটোর; প্রোগ্রামা নাটোর , নাটোর।ইনচার্জ, শেখ কামাল ইনকিউবেশন সেন্টার, নাটোর